গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
নগর উন্নয়ন অধিদপ্তর
টাউন প্লানিং
www.udd.gov.bd

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০৩.১৭.৩২ তারিখ: ১ অগ্রহায়ণ ১৪২৮
১৬ নভেম্বর ২০২১

বিষয়: ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড এর আওতায় বাস্তবায়নাধীন জাতীয় গুরুত্বপূর্ণ Fast Track ভুক্ত ঢাকা ম্যাস র‌্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৬) এর পল্লবী ও মিরপুর-১১ মেট্রোরেল স্টেশনে যাত্রীদের লিফট, এস্কেলেটর, সিঁড়িতে নিরাপদে ও স্বাচ্ছন্দ্যে ওঠা নামা এবং পথচারীদের নির্বিঘ্নে যাতায়াতের সুবিধার্থে Standard ফুটপাথ নির্মানের জন্য ঢাকা মেট্রোপলিটন এলাকার পল্লবী থানাধীন চাকুলী ও উত্তর সেনপাড়া পর্বতা মৌজার যথাক্রমে ০.০০৪০৩ একর ও ০.০৭৪৯৬ একর মোট ০.০৭৮৯৯ একর ভূমি অধিগ্রহণের লক্ষ্যে অনাপত্তিপত্র প্রদান প্রসংগে।

সূত্র: ১। স্মারক নং-৩৫.০৫.০০০০.৬৫১.৩৮.০০২.২০-৯১৫; তারিখ: ২৫/০৩/২০২১খ্রি:
২। স্মারক নং-৩৫.০৫.০০০০.৬৫১.৮৪.০০৮.২১-৯৫৯; তারিখ: ১৬/০৯/২০২১খ্রি:

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড এর আওতায় বাস্তবায়নাধীন জাতীয় গুরুত্বপূর্ণ Fast Track ভুক্ত ঢাকা ম্যাস র‌্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৬) এর পল্লবী ও মিরপুর-১১ মেট্রোরেল স্টেশনে যাত্রীদের লিফট, এস্কেলেটর, সিঁড়িতে নিরাপদে ও স্বাচ্ছন্দ্যে ওঠা নামা এবং পথচারীদের নির্বিঘ্নে যাতায়াতের সুবিধার্থে Standard ফুটপাথ নির্মানের জন্য ঢাকা মেট্রোপলিটন এলাকার পল্লবী থানাধীন চাকুলী ও উত্তর সেনপাড়া পর্বতা মৌজার যথাক্রমে ০.০০৪০৩ একর ও ০.০৭৪৯৬ একর মোট ০.০৭৮৯৯ একর ভূমি অধিগ্রহণের লক্ষ্যে অনাপত্তিপত্র প্রদানের জন্য নগর উন্নয়ন অধিদপ্তরকে অনুরোধ করেছেন। প্রত্যাশি সংস্থা অত্র দপ্তরকে মোট ০.০৭৮৯৯ একর জমির তফশিল সরবরাহ করেছেন (তফশিলভুক্ত মোট ০.০৭৮৯৯ একর জমি)।

| জেলা | থানা | মৌজা | জে.এল নং | আরএস দাগ নং | ঢাকা সিটি জরিপের দাগ নং | চাহিতব্য জমির পরিমাণ (একর) | ভূমির শ্রেণী |
|---|---|---|---|---|---|---|---|
| ঢাকা | পল্লবী | চাকুলী | ৮ | ২০২ | ৮৫২৫ | ০.০০৪০৩ | বাড়ী |
| ঢাকা | পল্লবী | উত্তর সেনপাড়া পর্বতা | ১১ | ৫১০ | ৫৩৮ | ০.০০৪৮৯ | বাড়ী |
| ঢাকা | পল্লবী | উত্তর সেনপাড়া পর্বতা | ১১ | ৫১১ | ৫৪০ | ০.০০৯৯ | বাড়ী |
| ঢাকা | পল্লবী | উত্তর সেনপাড়া পর্বতা | ১১ | ৭৮০ | ৫৪২ | ০.০০২৯৬ | বাড়ী |
| ঢাকা | পল্লবী | উত্তর সেনপাড়া পর্বতা | ১১ | ৭৮৬ | ৫৪৮ | ০.০০৬৭৭ | বাড়ী |
| ঢাকা | পল্লবী | উত্তর সেনপাড়া পর্বতা | ১১ | ৭৮৮ | ৫৫৪ | ০.০০৫৭৬ | বাড়ী |
| ঢাকা | পল্লবী | উত্তর সেনপাড়া পর্বতা | ১১ | ৭৮৮ | ৫৫৫ | ০.০০৩৪১ | বাড়ী |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ঢাকা | পল্লবী | উত্তর সেনপাড়া পর্বতা | ১১ | ১৬১৯ | ৫৫৩৮ | ০.০১৬২ | সিনেমা হল |
| ঢাকা | পল্লবী | উত্তর সেনপাড়া পর্বতা | ১১ | ১৬১৯ | ৫৫৪৬ | ০.০২৫২৫ | মার্কেট |
| সর্বমোট চাহিতব্য জমির পরিমাণ | | | | | | ০.০৭৮৯৯ একর | |

রাজউকের Detailed Area Plan (DAP) পর্যালোচনায় দেখা যায় যে, চাহিতব্য জমির ভূমি ব্যবহার Urban Residential Zone হিসেবে দেখানো আছে। Landuse Permitted হিসেবে Communication Service Facilities & Communication Tower within Permitted Height এর প্রস্তাবনা রয়েছে।

সরেজমিনে পরিদর্শনে দেখা যায় যে, প্রত্যাশী সংস্থা কর্তৃক সরবরাহকৃত মৌজাম্যাপ ও প্রত্যাশী সংস্থার প্রতিনিধি কর্তৃক নির্দেশিত প্রস্তাবিত জমি ঢাকা মেট্রোপলিটন এলাকার পল্লবী থানাধীন চাকুলী ও উত্তর সেনপাড়া পর্বতা মৌজার যথাক্রমে ০.০০৪০৩ একর ও ০.০৭৪৯৬ একর মোট ০.০৭৮৯৯ একর জমি **অবস্থিত। উত্তর সেনপাড়া পর্বতা মৌজায় বিদ্যমান পূরবী সিনেমা হল এর সম্মুখে খালি জমি ও দক্ষিণে পূরবী সুপার মার্কেট ভবন (আংশিক) প্রস্তাবিত জমিতে অবস্থিত, আরএস ৫১১ বা বিএস ৫৪০ নং দাগে একটি ছয়তলা আবাসিক ভবন (আংশিক) ও আরএস ৫১০ বা বিএস ৫৩৮ নং দাগে বাউন্ডারী ওয়ালসহ খালি জমি, আরএস ৭৮৮ বা বিএস ৫৫৪ ও ৫৫৫ নং দাগে খালি জমি, আরএস ৭৮০ ও ৭৮৬ বা বিএস ৫৪২ ও ৫৪৮ নং দাগে সেমি পাঁকা দোকান (আংশিক) ও খালি জমি এবং চাকুলী মৌজায় আরএস ২০২ বা বিএস ৮৫২৫ নং দাগে মেসার্স রুপক ট্রেডার নামে সেমি পাঁকা দোকান (আংশিক) ও বাউন্ডারী ওয়ালসহ খালিজমি অবস্থিত।** এছাড়াও প্রস্তাবিত জমিতে মন্দির, গির্জা, স্কুল, কলেজ, মাদ্রাসা ইত্যাদি সহ কোন সামাজিক ও ধর্মীয় প্রতিষ্ঠান নাই।

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড এর আওতায় বাস্তবায়নাধীন জাতীয় গুরুত্বপূর্ণ Fast Track ভুক্ত ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৬) এর **পল্লবী ও মিরপুর-১১** মেট্রোরেল স্টেশনে যাত্রীদের লিফট, এস্কেলেটর, সিঁড়িতে নিরাপদে ও স্বাচ্ছন্দ্যে ওঠা নামা এবং পথচারীদের নির্বিঘ্নে যাতায়াতের সুবিধার্থে Standard ফুটপাথ নির্মানের জন্য বৃহত্তর জনস্বার্থে উক্ত জমি অধিগ্রহণের প্রয়োজন আছে। ফলশ্রুতিতে,নিম্ন-লিখিত শর্তসাপেক্ষে উক্ত জমি অধিগ্রহনে অত্র দপ্তরের কোন আপত্তি নাই।

**<u>শর্তসমুহঃ</u>**

১। চাহিতব্য ভূমিতে DAP প্রস্তাবিত Urban residential Zone -এ প্রচলিত আইন অনুসরণ করতে হবে এবং DAP এর রিভিউ কমিটির মাধ্যমে ভূমি ব্যবহারের শ্রেণী পরিবর্তন করে নিতে হবে।

২। প্রকল্প এলাকায় বিদ্যমান প্রাকৃতিক জলাধার যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।

৩। রাজউক প্রস্তাবিত রাস্তাগুলোর ভবিষ্যৎ সম্প্রসারণ বিবেচনা করে ডিজাইন করতে হবে।

৪। Plantation এর ব্যবস্থা থাকতে হবে।

৫। সংলগ্ন সকল জায়গা সুরক্ষিত রাখতে হবে এবং প্রাকৃতিক সৌন্দর্য/পরিবেশ রক্ষার্থে ঐ সমস্ত জায়গা Beautification এর ব্যবস্থা নিতে হবে।

৬। ফুটপাথসমূহ মেট্রোরেল স্টেশনে যাত্রীদের লিফট, এস্কেলেটর, সিঁড়িতে নিরাপদে ও স্বাচ্ছন্দ্যে ওঠা নামা এবং পথচারীদের নির্বিঘ্নে যাতায়াতের সুবিধার্থে পর্যাপ্ত জায়গা খালি রাখতে হবে।

৭। ফুটপাথসমূহে যাত্রীদের প্রবেশ ও বাহির দ্বারা প্রবাহমান Vehicle গুলো যেন কোনভাবে বাধাগ্রস্থ না হয় তার জন্য প্রয়োজনীয়Protective Measure/Physical Barrier/Signaling System থাকতে হবে।

৮। ফুটপাথসমূহ মূল Track এবং রাস্তার সাথে সংযুক্ত থাকতে হবে।

৯। ফুটপাথসমূহ Main Transport System লিংক করার ক্ষেত্রে সার্ভিস রাস্তার জন্য পর্যাপ্ত জায়গা খালি রাখতে হবে।

১০। চতুর্দিকে Noise Preventive Wall/Barrier এর ব্যবস্থা থাকতে হবে।

১১। অতি বৃষ্টির পানি নিষ্কাশনের জন্য পর্যাপ্ত Drainage এর ব্যবস্থা রাখতে হবে এবং পর্যাপ্ত Directional Bill Board এর ব্যবস্থা থাকতে হবে।

১২। রাজউক ও পরিবেশ অধিদপ্তর কর্তৃক প্রদত্ত সকল শর্তসমূহ অনুসরণ করতে হবে।

সংযুক্তিঃ

১. সরেজমিনে প্রাপ্ত ভূমি ব্যবহার প্রতিবেদন(সরেজমিনে প্রাপ্ত ভূমি ব্যবহার প্রতিবেদন)

২. ড্যাপ পর্যালোচনা প্রতিবেদন(ড্যাপ পর্যালোচনা প্রতিবেদন)

৩. রিজিওনাল ম্যাপ(রিজিওনাল ম্যাপ)

৪. রাজউক কতৃক প্রেরিত ছাড়পত্র(রাজউক কতৃক প্রেরিত ছাড়পত্র)

৫. ভূমি ব্যবহার ম্যাপ(ভূমি ব্যবহার ম্যাপ)

৬. তফশিলভুক্ত মোট ০.০৭৮৯৯ একর জমি(তফশিলভুক্ত মোট ০.০৭৮৯৯ একর জমি)

১৬-১১-২০২১
মো: মাহমুদ হোসেন
সিনিয়র প্ল্যানার

মোঃ আফতাবউদ্দিন তালুকদার, প্রকল্প পরিচালক,ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৬), ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) [পরিদর্শন টিমকে যাতায়াতের সুবিধাসহ]

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০৩.১৭.৩২/১(১০)

তারিখ: ১ অগ্রহায়ণ ১৪২৮
১৬ নভেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) পরিচালক (চলতি দায়িত্ব), পরিচালক এর দপ্তর, নগর উন্নয়ন অধিদপ্তর
২) একান্ত সচিব, সচিবের দপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
৩) একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
৪) উপসচিব, প্রশাসন-২ অধিশাখা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
৫) উপ-পরিচালক, উপ-পরিচালক এর দপ্তর(ভৌত পরিকল্পণা), নগর উন্নয়ন অধিদপ্তর
৬) সিনিয়র প্ল্যানার, ট্রেনিং এন্ড ডকুমেন্টেশন সেল, নগর উন্নয়ন অধিদপ্তর (পত্রটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)
৭) সিনিয়র প্ল্যানার, টাউন প্লানিং, নগর উন্নয়ন অধিদপ্তর
৮) সহকারী প্রকৌশলী, সহকারী প্রকৌশলী(সার্ভে), নগর উন্নয়ন অধিদপ্তর
৯) সহকারী প্ল্যানার, টাউন প্লানিং, নগর উন্নয়ন অধিদপ্তর
১০) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর

১৬-১১-২০২১

মো: রাসেদুল ইসলাম
সহকারী প্ল্যানার